

## স্বাস্থ্য অধিদপ্তর ও ব্র্যাক এর উদ্যোগে নমুনা সংগ্রহের জন্য সুরক্ষা বুথ

### সাধারণ জিজ্ঞাসা ও উত্তর

[২৯ শে জুন, ২০২০ তারিখে তৈরী: এখানে প্রদত্ত তথ্য যে কোনো সময়, পরিস্থিতি অনুযায়ী পরিবর্তন ও পরিমার্জন করা হতে পারে।](#)

**প্রশ্ন: বুথগুলো কোথায় অবস্থিত?**

**উত্তর:** স্বাস্থ্য অধিদপ্তর ও ব্র্যাকের ওয়েবসাইট এবং সামাজিক মাধ্যমে বুথগুলোর অবস্থান জানানো আছে। লিংক: <https://www.brac.net/covid19/#download>

**প্রশ্ন: বুথের অ্যাপয়েন্টমেন্ট করার নিয়ম কী?**

**উত্তর:** অনলাইনে টেস্টের জন্য অ্যাপয়েন্টমেন্ট নেওয়া হচ্ছে (অ্যাপয়েন্টমেন্ট করার ওয়েবসাইটের লিংক: <https://coronatest.brac.net/> কোভিড-১৯ এর উপসর্গ আছে এমন ব্যক্তির বা বুথে গিয়ে নমুনা টেস্ট করাতে পারবেন।

**প্রশ্ন: বুথের সঙ্গে যোগাযোগ করার নিয়ম কী?**

এই বুথগুলোর কোনো নিজস্ব টেলিফোন নম্বর নেই। কিন্তু বুথ সংক্রান্ত কোনো প্রশ্ন থাকলে আপনি ৩৩৩ বা ১৬২৬৩ নম্বরে ফোন করতে পারেন। কল সেন্টারের প্রতিনিধিরা, যারা একই সঙ্গে টেলিফোনে স্বাস্থ্য-বিষয়ক পরামর্শ দিচ্ছেন, আপনার বুথ সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসার জবাব দেবেন।

**প্রশ্ন: যে কেউ কি এই টেস্ট করাতে পারবে?**

**উত্তর:** যিনি টেস্ট করাতে চাচ্ছেন তাকে যদি কোনো নিবন্ধিত চিকিৎসক নমুনা টেস্ট করার পরামর্শ দিয়ে থাকেন, বা যিনি টেস্ট করাতে চাচ্ছেন তার কোভিড-১৯ এর উপসর্গ থাকে অথবা কোনো কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংস্পর্শে তিনি এসে থাকেন, তাহলে টেস্ট করানো যাবে। উপসর্গ যাচাইয়ের জন্য অনলাইন রেজিট্রেশন করার সময় কিছু প্রশ্ন করা হয়, টেস্ট করার স্থানে এ বিষয়গুলো পুনরায় যাচাই করা হয়।

**প্রশ্ন: টেস্ট করানোর জন্য কি আমার টাকা দেওয়া লাগবে?**

**উত্তর:** সম্প্রতি সরকার নমুনা পরীক্ষার জন্য ফি নির্ধারণ করেছে। বুথ থেকে নমুনা পরীক্ষার জন্য ২০০ টাকা ফি নির্ধারণ করা হয়েছে। এ সম্পর্কিত সরকারী নির্দেশনা পড়ুন:

<https://www.facebook.com/bd.gov.info/photos/a.287891065323361/713488486096948/?type=3&theater>

**প্রশ্ন: বুথ কতক্ষণ খোলা থাকে?**

**উত্তর:** শনিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯:৩০ থেকে দুপুর ১২:৩০ পর্যন্ত বুথ খোলা থাকে। শুক্রবার ছুটির দিনে বুথ বন্ধ থাকে।

**প্রশ্ন: নমুনা নেওয়ার আগে/পরে বিশেষ কোনো নিয়ম, যেমন: খালি পেটে থাকা বা অন্য কিছু মানার দরকার আছে কি?**

**উত্তর:** না। নমুনা নেওয়ার আগে/পরে কোনো নিয়ম মানার দরকার নেই। তবে আপনাকে অবশ্যই মাস্ক পরে থাকতে হবে এবং যখন লাইনে অপেক্ষা করছেন তখন অন্যদের থেকে কমপক্ষে তিন ফুট (দুই হাত) শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে।

**উত্তর:** নমুনা দেওয়ার জন্য বুথে গেলে সঙ্গে কী কী কাগজপত্র রাখতে হবে? **উত্তর:** বুথে আপনার জাতীয় পরিচয়পত্র বা এর ফোটোকপি দেখাতে হবে। ফলোআপ করোনা সংক্রমণ টেস্ট করাতে ফলোআপ টেস্ট প্রমাণের জন্য প্রয়োজনীয় কাগজ/এসএমএস/ইমেইল-এর কপি সঙ্গে নিয়ে আসতে হবে। কোনো চিকিৎসক করোনা টেস্ট করানোর জন্য পরামর্শ দিয়ে থাকলে চিকিৎসকের প্রেসক্রিপশন সঙ্গে নিয়ে আসতে হবে। সেইসঙ্গে নমুনা নেওয়ার আগে একটি তথ্যমূলক রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করে জমা দিতে হবে। রেজিস্ট্রেশন শেষ হলে আপনাকে একটি রসিদ দেওয়া হবে।

**প্রশ্ন:** নমুনা নিলে কি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে?

**উত্তর:** না, এখন পর্যন্ত নমুনা দেওয়া বা নেওয়ার কোনো পার্শ্ব প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়নি। সংগ্রহের সময় অর্থাৎ সোয়াব নেওয়ার সময় কিছুটা অস্বস্তি হতে পারে।

**প্রশ্ন:** শিশুরা কি বুথে গিয়ে নমুনা দিতে পারবে?

**উত্তর:** হ্যাঁ, কোনো শিশুর কোভিড-১৯ এর উপসর্গ থাকলে বা সে কোভিড-১৯ আক্রান্ত রোগীর সংস্পর্শে এসে থাকলে নমুনা দিতে পারবে। আঠারো বছরের কম বয়সি ছেলেমেয়েদের মা-বাবা বা অভিভাবক, যারা তার সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দিতে পারবেন; তাকে সঙ্গে নিয়ে আসবে।

**প্রশ্ন:** রিপোর্ট পেতে কতদিন সময় লাগে?

**উত্তর:** ব্র্যাক নমুনা সংগ্রহের পর তা স্বাস্থ্য অধিদপ্তরের মনোনীত ল্যাবরেটরির কাছে হস্তান্তর করে। টেস্ট রেজাল্ট অর্থাৎ নমুনা পরীক্ষার ফলাফল কবে পাওয়া যাবে তা মনোনীত ল্যাবরেটরির সক্ষমতা বিবেচনা করে স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে জানিয়ে দেয়া হয়। টেস্ট রিপোর্টের সময় নির্ধারণ ব্র্যাকের আওতাভুক্ত নয়।

**প্রশ্ন:** নমুনা দিতে কতক্ষণ সময় লাগে?

**উত্তর:** ৫-৭ মিনিট সময় লাগে। তবে বুথে লাইন ধরে অপেক্ষা করার সময়টুকু এর মধ্যে ধরা হয়নি।

**প্রশ্ন:** কেউ কি একাধিকবার বুথে যেতে পারবেন?

**উত্তর:** হ্যাঁ, একাধিকবার বুথে গিয়ে টেস্ট করানো যাবে। তবে আপনার যদি কোভিড-১৯ এর উপসর্গ থাকে বা আপনি নিশ্চিত কোভিড-১৯ রোগীর সংস্পর্শে এসে থাকেন শুধুমাত্র তাহলে টেস্ট করানোর অনুরোধ করা হচ্ছে। অনলাইনে টেস্টের জন্য অ্যাপয়েন্টমেন্ট নেওয়া হচ্ছে (অ্যাপয়েন্টমেন্ট করার ওয়েবসাইটের লিংক: <https://coronatest.brac.net/>)

**প্রশ্ন:** বুথে যাওয়ার পর সাধারণত কী ঘটে?

**উত্তর:**

- নমুনা দেওয়ার জন্য যারা বুথে যাবেন তাদেরকে বুথের সামনে কমপক্ষে তিন ফুট শারীরিক দূরত্ব বজায় রেখে সুস্থভাবে লাইন করে দাঁড়ানোর অনুরোধ জানানো হয়।
- একজন সহকারী সম্ভাব্য রোগীর উপসর্গ যাচাই করেন।
- যাচাইয়ের ফলাফলের ওপর নির্ভর করে রোগীকে একটি টোকেন দেওয়া হয়।
- একটি নির্ধারিত ফর্মে সরকারি জরিপ রেকর্ডের জন্য তথ্য লিপিবদ্ধ করা হয় এবং এরপর একটি স্বীকৃতিপত্র দেওয়া হয়।
- একজন ল্যাব টেকনিশিয়ান রোগীর নাক থেকে সোয়াব সংগ্রহ করেন।
- নমুনাটি সংরক্ষণ করা হয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের বরাদ্দকৃত ল্যাবরেটরিতে টেস্টের জন্য পাঠানো হয়।
- কোভিড-১৯ এর জন্য সংগৃহীত নমুনার ওপর আরটি-পিসিআর টেস্ট করা হয়।

- ল্যাবরেটরি থেকে টেস্টের ফলাফল পাওয়ার পর রোগীদের প্রদানকৃত ফোন নম্বরে ব্র্যাক মেসেজের মাধ্যমে জানিয়ে দেয়।

**প্রশ্ন: একটি বুথ দিনে কতগুলো নমুনা সংগ্রহ করা হয়?**

**উত্তর:** স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী প্রতিদিন প্রতিটি বুথ থেকে প্রায় বর্তমানে দৈনিক ১৫ টি নমুনা সংগ্রহ করা হচ্ছে। পরিস্থিতি বিবেচনায়, সরকারী সিদ্ধান্ত মোতাবেক এই সংখ্যা বাড়তে বা কমতে পারে।

**প্রশ্ন: ফলাফল নেগেটিভ আসলেও কি জানানো হয়?**

**উত্তর:** হ্যাঁ, নমুনা পরীক্ষার ফলাফল নেগেটিভ আসলেও ব্র্যাক সেই তথ্য মেসেজের মাধ্যমে জানিয়ে দেয়।

**প্রশ্ন: নমুনা সংগ্রহের পর ফলাফল পেতে দেরি হবার কারণ কি?**

ব্র্যাকের সুরক্ষা বুথ কোভিড-১৯ শনাক্তকরণ পরীক্ষার জন্য নমুনা সংগ্রহ করা এবং স্বাস্থ্য অধিদপ্তরের মনোনীত ল্যাবরেটরিসমূহে তা প্রেরণের জন্য দায়বদ্ধ। ল্যাবরেটরিতে নমুনা পরীক্ষা এবং রিপোর্ট প্রদানের জন্য কতোক্ষণ সময় লাগবে সে বিষয়ে আমাদের কোনো প্রভাব নেই। বর্তমানে ল্যাবরেটরিসমূহে পরীক্ষার ক্ষমতা সীমিত থাকার ফলে রিপোর্ট প্রদানে বিলম্ব হচ্ছে। ল্যাবরেটরি থেকে আমাদের কাছে পরীক্ষার ফল পাঠানোর পরেই আমরা জনগণের কাছে তা এসএমএস-এর মাধ্যমে পৌঁছে দিতে পারি। ল্যাবরেটরিসমূহ এই সমস্যার সমাধানের জন্য কঠোর পরিশ্রম করছে এবং আশা করি শীঘ্রই এর সমাধান হবে।